

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। ক) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে গোপাল ও যাদব চরিত্র দুটির ভূমিকা আলোচনা করুন। ১৫

অথবা

খ) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের কাহিনীটি মানবমনের বৈচিত্র্যময় রহস্য উদঘাটিত করেছে — আলোচনা করুন। ১৫

২। ক) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি কোন শ্রেণির উপন্যাস আলোচনা করুন। ১৫

অথবা

খ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে অমূল্য আৱাহাম চরিত্রটির উপযোগিতা বিচার করুন। ১৫

৩। ক) সার্থক প্রেমের গল্প হিসেবে ‘একরাত্তি’ গল্পটির পরিচয় দিন। ১৫

অথবা

খ) ‘হালদার গোষ্ঠী’ গল্পে বনোয়ারী চরিত্রটি সমকালীন যুগভাবনার প্রতিভূ — মন্তব্যটি বিচার করুন। ১৫

৪। ক) ‘ফসিল’ গল্পে লেখকের আর্থ-সামাজিক সচেতনতার পরিচয় দিন। ১৫

অথবা

খ) রত্ন ও চপলার সম্পর্কের মাঝে ‘মহানগর’ যেন প্রাচীর সদৃশ — আলোচনা করুন। ১৫

৫। ক) মধ্যবিত্ত সমাজে নারীর প্রসূত্ব প্রতিভা চিরকালই উপেক্ষিত — শকুন্তলা চরিত্রটি তারই প্রতীক। ‘অন্তঃসলিলা’ গল্প অবলম্বনে মন্তব্যটি আলোচনা করুন। ১৫

অথবা

খ) একদিকে সামাজিক অর্থনৈতিক অসহায়তা, অন্যদিকে ভদ্রলোক হওয়ার দায়, রেখা-কাঞ্চনের সংকটকে তীব্রতর করে তুলেছে। উপরি উক্ত মন্তব্যের আলোকে ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পটি বিচার করুন। ১৫

- ৬। ক) “পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন” — কে কোন্ প্রসঙ্গে এ কথা বলেছে ?
আড়ালে বসে যিনি খেলাচ্ছেন, তার স্বরূপ কী ? ১ + ১ + ৩

অথবা

- “মাটির টিলাটির উপর সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবারও শশীর আসিবেনা” কোন্ প্রসঙ্গে একথা
বলা হয়েছে ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন। ১ + ১ + ৩

- খ) “উলগুলানের আগুনে জঙ্গল জ্বলে না, মানুষদের হাদয় আর রক্ত জ্বলে” - উলগুলান কী ? এই উক্তিটির
তাৎপর্য বিশ্লেষণ করুন। ১ + ৪

অথবা

- “ওদের কেউ চাল বেচতে চায় নাই। আমি বলেছি তবে ওদের চাল-ডাল-লবণ বেচেছে।” কার উক্তি ? ওদের
বলতে কাদের বোঝানো হয়েছে ? কারা কেন ওদের জিনিসপত্র বিক্রি করতে দেয়নি ? ১ + ২ + ২

- গ) “সে অসময়ে তাহার এই মূক বন্ধুটির কাছে আসিত” — ‘সে’ কে ? ‘সে’ তার কোন্ বন্ধুর আছে আসতো ?
‘সে’ কেন তার বন্ধুর কাছে আসতো বুঝিয়ে বলুন। ১ + ১ + ৩

অথবা

- “আমার দিনের সহিত রাত্রির ভাবি একটা বিরোধ বাধিয়া গেল” — মন্তব্যটি কার ? তার এই মন্তব্যের কারণ
বুঝিয়ে দিন। ১ + ৪

- ঘ) “এ বৌটার পরমায় আছে” — কে, কাকে কথাটি বলেছে ? বৌটার পরমায় থাকার কারণ কি ? ১ + ১ + ৩

অথবা

- “পায়ে দিয়ে হেঁটে দেখলাম যেমন নরম তেমনি আরাম” — প্রসঙ্গ উল্লেখ করে অন্তিমিতি অর্থ লিখুন।

২ + ৩

- ঙ) “পুরুষের গুছিয়ে তোলা কাজকে আগোছালো করাই ওদের চিরকালের স্বভাব” — কে বলেছে ? কার
উদ্দেশ্যে বলেছে ? কোন্ কাজ ‘গোছানো’ ও ‘আগোছালো’ করার কথা বলা হয়েছে ? ১ + ১ + ৩

অথবা

- “আমি সত্যই ক্রিশ্চান নই গো বাপ” — কার উক্তি ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন। ১ + ৪

=====